তারিখ ... 05 MAY 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ......

সংবাদ

# ঢাবিতে ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ স্মারক বক্তৃতা শেষ

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্‌র জন্ম এবং মৃত্যুবার্ষিকী উদযাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের উদ্যোগে দুই দিনব্যাপী 'ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ স্মারক বক্তৃতা-২০১৫' শেষ হয়েছে। গতকাল বিকেলে বিশ্ববিদ্যালয়ের আর সি মজুমদার আর্টস অডিটোরিয়ামে এ সমাপনী অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের এমিরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামানের সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে 'সংকট মোকাবেলায় সাহিত্য' শীর্ষক স্মারক বক্তৃতা করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. মহীবুল আজিজ এবং 'মুহম্মদ শহীদুল্লাহ্‌র লোকসাহিত্য ও ফোকলোর-ভাবনা' শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের অধ্যাপক ড. সৈয়দ মোহাম্মদ শাহেদ। উল্লেখ্য, গত মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের উপ উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ দুই দিনব্যাপী এ স্মারক বক্তৃতার উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. বেগম আকতার কামাল।